



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

RESERVE BANK OF INDIA

ওয়েবসাইট: www.rbi.org.in

ই-মেল Email : helpdoc@rbi.org.in

যোগাযোগ বিভাগ, কেন্দ্রীয় কার্যালয়, এস.বি.এস. মার্গ, মুম্বাই-400 001

DEPARTMENT OF COMMUNICATION, Central Office, S .B.S Marg, Mumbai-400001

ফোন/ Phone:91 22 2266 0502 ফ্যাক্স /Fax : 90 22 2266 0358

সেপ্টেম্বর 05,2016

ড. উর্জিত আর প্যাটেল আরবিআই গভর্নরের দায়িত্বভার গ্রহণ করলেন



ড. উর্জিত আর প্যাটেল জানুয়ারী 2013 থেকে ডেপুটি গভর্নরের কর্মভার বহন করার পর সেপ্টেম্বর 4,2016 তারিখ থেকে ভারতীয় রিজার্ভ ব্যাংকের 24-তম গভর্নরের দায়িত্বভার গ্রহণ করলেন। তিনি তাঁর পূর্বদায়িত্বে প্রথম তিন বছর পূর্ণ করার পর জানুয়ারী 11,2016 তারিখে ডেপুটি গভর্নরের পদে পুনর্নিয়োজিত হয়েছিলেন। ডেপুটি গভর্নরের কর্ম সম্পাদনের অন্তর্গত কাজের মধ্যে তিনি আর্থিক নীতি পুনর্বিদ্যায়ের পরিকাঠামো নির্মাণের জন্য গঠিত বিশেষজ্ঞ পরিষদের প্রধানের দায়িত্বে ছিলেন। BRICS অন্তর্ভুক্ত রাষ্ট্র গুলির মধ্যে ভারতকে প্রতিনিধিত্ব করার পথে তিনি আন্ত-রাষ্ট্রীয় চুক্তি এবং আন্ত-কেন্দ্রীয় ব্যাংক সমঝোতা(ICBA) প্রতিষ্ঠার ক্ষেত্রে পথ প্রদর্শকের ভূমিকা পালন করেন, যা অনুবর্তী সংরক্ষণ ব্যবস্থা (CRA), অর্থাৎ এই দেশগুলির মধ্যের একটি বিনিময় লেনদেন পদ্ধতি, সংগঠনের পথনির্দেশক হয়।

ড. প্যাটেল আন্তর্জাতিক অর্থভান্ডার (IMF)-এও কর্মরত ছিলেন। তিনি 1996-1997 সময়কালে IMF থেকে ভারতীয় রিজার্ভ ব্যাংকে অস্থায়ীভাবে নিয়োজিত হয়েছিলেন এবং সেই ক্ষমতাবলে তিনি ঋণ বাজার উন্নয়ন, ব্যাংকিং ক্ষেত্রের সংস্কার, পেনশন ফান্ডের সংস্কার এবং বিদেশী মুদ্রা বিনিময় বাজারের বিবর্তন—এর উপর পরামর্শ প্রদান করেন। 1998 থেকে 2001 পর্যন্ত সময়কালে তিনি ভারত সরকারের বিত্তীয় মন্ত্রকের (অর্থ বিষয়ক বিভাগ)-এর বিশেষ পরামর্শদাতা ছিলেন। তিনি অন্য সরকারী ও বেসরকারি ক্ষেত্রেরও দায়িত্ব পালন করেছেন।

ড. প্যাটেল একাধিক কেন্দ্রীয় ও রাজ্য সরকারের উচ্চ পর্যায়ের সমিতিতে ঘনিষ্ঠ ভাবে কাজ করেছেন, যার মধ্যে আছে প্রত্যক্ষ করে উপর কার্যনির্বাহী গোষ্ঠী (কেলকর কমিটি), অসামরিক এবং সামরিক পরিষেবার পেনশন পদ্ধতির জন্য গঠিত উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞ দল, পরিকাঠামো সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যনির্বাহী গোষ্ঠী, সংবাদ আদান প্রদান—এর বিষয়ে মন্ত্রীদের গোষ্ঠী, অসামরিক বিমান চলাচল পরিষেবা সংস্কার সাধনের জন্য গঠিত গোষ্ঠী এবং রাজ্য বিদ্যুৎ পর্যদগুলির জন্য গঠিত শক্তি মন্ত্রকের গোষ্ঠী।

ভারতীয় সমষ্টি ভিত্তিক অর্থতত্ত্ব, আর্থিক নীতি, সাধারণের অর্থ, ভারতীয় অর্থনৈতিক ক্ষেত্র, আন্তর্জাতিক বাণিজ্য এবং নিয়ন্ত্রণমূলক অর্থতত্ত্ব বিষয়ের উপর ড. প্যাটেলের একাধিক রচনা প্রকাশিত হয়েছে।

ড. প্যাটেল লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে বি.এস সি, অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল এবং ইয়েল বিশ্ববিদ্যালয় থেকে অর্থতত্ত্ব পি এইচ. ডি ডিগ্রী অর্জন করেছেন।

আল্পনা কিল্লাওয়াল

মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপ্যাল অ্যাডভাইসার)

প্রেস বিজ্ঞপ্তিঃ2016-2017/590

[ড. উর্জিত আর প্যাটেল গভর্নর হিসাবে কর্মভার গ্রহণ করলেন সেপ্টেম্বর 6,2016 তারিখে : চিত্র](#)